

**ভিসির পদত্যাগ দাবি
বাকুবিতে শিক্ষক
সমিতির মানববন্ধন**
বাকুবি প্রতিনিধি

ভিসির পদত্যাগের দাবিতে আওয়ামীপন্থী শিক্ষকদের সংগঠন গণতান্ত্রিক শিক্ষক ফোরামের পর এবার আন্দোলনে নেমেছে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় (বাকুবি) শিক্ষক সমিতি। মঙ্গলবার বেলা ১২টার দিকে ভিসির পদত্যাগের দাবিতে বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় গ্রন্থাগারের সামনে সভাপতি, অধ্যাপক ড. হুদকর শরীফুল ইসলামের সভাপতিত্বে এবং সাধারণ সম্পাদক অধ্যাপক ড. রফিকুল ইসলাম সরদারের সঞ্চালনায় মানববন্ধন করে শিক্ষক সমিতি। ভিসির বিরুদ্ধে আনীত অভিযোগ অসত্য প্রমাণের জন্য সময় দিলেও তিনি তার অবস্থান পরিষ্কার করতে ব্যর্থ হওয়ায় এবং সময়ের মধ্যে পদত্যাগ না করায় মানববন্ধনের আয়োজন করা হয়। মানববন্ধনে শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. হুদকর শরীফুল ইসলাম বলেন, কর্মচারী নিয়োগে আর্থিক লেনদেন, অনিয়ম ও দুর্নীতিসহ বিভিন্ন অভিযোগের কারণে ভিসির বিরুদ্ধে একটি তদন্ত কমিটি গঠন করেছে বিশ্ববিদ্যালয় মন্ত্রণালয় (ইউজিসি)।